# ALL INDIA RADIO

## আকাশবাণী শিলচর

### REGIONAL NEWS UNIT – SILCHAR

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**2 January 2026** **7:35 AM IST**

=====================================================================

কেন্দ্রীয় সরকার নুমালীগড় ও গহপুরের মধ্যে ব্রহ্মপুত্রের নীচে নির্মীয়মান চারলেনযুক্ত টুইন টিউব টানেলে দুটি রেলপথ সংযোজন করার কাজের জন্য অনুমোদন জানিয়েছে । ইংরাজী নববর্ষ উপলক্ষ্যে রাজ্যের বিশেষ্ট সাংবাদিকদের সঙ্গে নতুন দিনের আলাপ শীর্ষক সাংবাদিক সম্মেলনে অংশ নিয়ে মুখ্যমন্ত্রী এ কথা জানান । মূখ্যমন্ত্রী আরো বলেন যে ১২ হাজার কোটি টাকা ব্যায় সাপেক্ষে উত্তর-পূর্বাঞ্চলের এই প্রথম নদী সুরঙ্গ নির্মান কাজ শেষ হলে গহপুরের মধ্যে থাকা ১শো ৪০ কিলোমিটার দৈর্ঘ্যের দূরত্ব শুধুমাত্র ৩৫ কিলোমিটার দৈর্ঘ্যে রুপান্তরিত হবে ।

এদিকে মন্ত্রিসভার এবছরের প্রথম বৈঠকে সমগ্র আসামে ১০০ টি বিদ্যালয় নির্মাণের জন্য ৪শ ৫৫ কোটি টাকার অনুমোদন জানানো হয়েছে।

---

মুখ্যমন্ত্রী আগামী ২০ ফেব্রুয়ারী অরুণোদয় প্রকল্পের মাধ্যমে রাজ্যের মহিলাদের ৮ হাজার টাকা করে প্রদান করা হবে বলেও ঘোষণা করেন ।

(বাইট)

ডক্টর শর্মা আরো জানান যে বছরে ৪ লক্ষ টাকা থেকে কম উপার্জন করা পরিবারের ছাত্রদের সুবিদার্থে বাবু প্রকল্পের মাধ্যমে স্নাতকোত্তর ছাত্রদের বছরে ২ হাজার এবং স্নাতক পর্যায়ের ছাত্রদের ১ হাজার টাকা করে প্রদান করা হবে ।

রাজ্যের সরকারী বিদ্যালয়গুলিতে ড্রপ-আউট ছাত্র-ছাত্রীর সংখ্যা উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলিতেও ড্রপ আউটের হার পূর্বের ৩০ শতাংশের তুলনায় ১৭ দশমিক ৫ শতাংশে হ্রাস পেয়েছে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৭ই জানুয়ারী কাজিরাঙ্গায় এলিভেটেড করিডোরের শিলান্যাশ করবেন এবং প্রধানমন্ত্রী শ্রীমোদী আগামী ফেব্রুয়ারী মাসে কোকরাঝার থেকে গেলেফু পর্যন্ত নতুন রেললাইন স্থাপনের জন্যও ভিত্তিপ্রস্থর স্থাপন করবেন বলে মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা জানান ।

আসাম সরকার রাজ্য কর্মচারীদের জন্য অষ্টম বেতন কমিশন গঠন করবে । রাজ্য সরকারের অবসরপ্রাপ্ত অতিরিক্ত মুখ্য সচিব সুভাষ দাসের নেতৃত্বে এই বেতন কমিশন সম্পর্কীত বিজ্ঞপ্তি খুব শীঘ্রই জারী করা হবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা জানিয়েছেন ।

---

শিলচর ও আগরতলার মধ্যে চলাচল করা যাত্রী ট্রেনের কোচগুলি গতকাল থেকে অত্যাধুনিক এল এইচ বি-তে পরিবর্তন করা হয়েছে । গতকাল সকালে শিলচর রেল ষ্টেশনে আয়োজিত এক অনুষ্ঠানে সাংসদ কণাদ পুরকায়স্থ , পরিমল শুক্লবৈদ্য এবং বিধায়ক দীপায়ন চক্রবর্তী এই এল এইচ বি রেকের ট্রেনগুলির পতাকা নারিয়ে সূচনা করেন । অনুষ্ঠানে সাংসদ কণাদ পুরকায়েস্থ বলেন যে শিলচর এবং রঙ্গিয়ার মধ্যে চলাচল করা

দৈনিক এক্সপ্রেস রেল গাড়ীটিতেও আগামী মাসে এল এইচ বি সংযুক্ত করা হবে ।

---

আসন্ন আসাম বিধানসভা  নির্বাচনের প্রস্তুতি উপলক্ষ্যে ডিমা হাসাও জেলা প্রশাসনের উদ্যোগে আজ থেকে আগামী ৮ই জানুয়ারী পর্য্যন্ত ইলেকট্রনিক ভোটিং মেশিন, ই ভি এম এবং ভোটার ভেরিফাইড পেপার ওডিট ট্রেইলস, ভিভি প্যাটের প্রথম পর্বের পরীক্ষা প্রক্রিয়া অনুষ্ঠিত হবে । হাফলং-এর আদালত ভবনে আয়োজিত প্রথম পর্বের এসংক্রান্ত পরীক্ষা প্রক্রিয়া সকাল ৯টা থেকে শুরু হয়ে সন্ধ্যা সাতটা পর্য্যন্ত চলবে এবং জেলার অতিরিক্ত আয়ুক্ত এস শর্মা সম্পূর্ন  প্রক্রিয়া পর্য্যবেক্ষন করবেন ।

---

আকাশবাণী শিলচর কেন্দ্রের সিনিয়র ইঞ্জিনিয়ারিং এসিসটেন্ট আব্দুল কায়ুম লস্কর গত ৩১শে ডিসেম্বর

কর্মজীবন থেকে অবসর নিয়েছেন । শ্রীলস্কর ১৯৮৬ সালের পয়লা জুলাই তার কর্মজীবন শুরু করেন । এরপর শ্রীলস্কর দূরদর্শন কেন্দ্র কোহিমা , আকাশবাণী শিলচর, হাফলং এবং আইজল কেন্দ্রে দায়িত্ব পালন করেছেন ।

---